

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা-৩ শাখা
www.moha.gov.bd

নং-৪৪.০০.০০০০.০০০.২৩৬.২৭.০০১৬.২৫. ৫১

তারিখ: ২৮ আশ্বিন ১৪৩৩ / ১১ অক্টোবর ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, ড. দুলাল কৃষ্ণ সাহা, প্রধান রাসায়নিক পরীক্ষক, হিসেবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকায় কর্মরত থাকাকালীন তাঁর বিরুদ্ধে দীর্ঘদিন যাবৎ জালিয়াতির মাধ্যমে দেশের বিভিন্ন বিজ্ঞ জেলা আদালতের সমন ও সাক্ষ্য প্রদানের সার্টিফিকেট তৈরি করে সেসব আদালতে সাক্ষ্য না দিয়েও ভুয়া বিলের বিপরীতে বিধি বহির্ভূতভাবে বিল করে সরকারি অর্থ উত্তোলন করেন। তিনি সরকারের দায়িত্বশীল পর্যায়ে থেকেও বিজ্ঞ আদালতের সমন ও সাক্ষ্য প্রদানের সার্টিফিকেট জাল-জালিয়াতির মাধ্যমে ভুয়া বিল দাখিল করেন; এবং

০২। যেহেতু, তাঁর ভ্রমণ বিবরণী ও বিল অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক অনুমোদন হওয়ার বিধান থাকলেও ভ্রমণকারী কর্মকর্তা, নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ও প্রত্যয়নপত্রের স্থানে ভিন্ন-ভিন্নভাবে ০৩ (তিন) ধরণের স্বাক্ষর হয়েছে অথচ তিনক্ষেত্রেই সিল ব্যবহার করা হয়েছে প্রধান রাসায়নিক পরীক্ষকের; এবং

০৩। যেহেতু, গত ২৮.০৬.২০০০ তারিখে তিনি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে রাসায়নিক পরীক্ষক পদে (৬ষ্ঠ গ্রেডে) যোগদান করেন এবং গত ২৩.০৯.২০২৩ তারিখ পর্যন্ত একই গ্রেডে (৬ষ্ঠ গ্রেডে) কর্মরত ছিলেন। বর্ণিত সময়সীমার মধ্যে তিনি দেশের অভ্যন্তরীণ সফরের ক্ষেত্রে বিমানযোগে ভ্রমণের প্রাধিকারভুক্ত না হয়েও গত ২৩ (তেইশ) বৎসরে শতাধিকবার দেশের বিভিন্ন স্থানে ভ্রমণ করে বিমানে যাতায়াতের ভ্রমণ বিল দাখিল করে সরকারি অর্থ উত্তোলন করেছেন; এবং

০৪। যেহেতু, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রাথমিক তদন্ত প্রতিবেদন অনুযায়ী তিনি সর্বমোট ৩,১৫,৭৫৭ (তিন লক্ষ পনের হাজার সাতশত সাতান্ন) টাকা বিধি বহির্ভূতভাবে সরকারি কোষাগার থেকে উত্তোলন করে সরকারের আর্থিক ক্ষতি করে আত্মসাৎ করেছেন মর্মে প্রতীয়মান হয়েছে; এবং

০৫। যেহেতু, তাঁর বর্ণিত অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থাগ্রহণের জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক গত ১৯.১০.২০২৫ তারিখে অনুরোধ জানানো হয়। সে পরিপ্রেক্ষিতে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী তাঁকে যথাক্রমে **'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ'** এর দায়ে অভিযুক্ত করে গত ১৯.১১.২০২৫ তারিখে বিভাগীয় মামলা ১৪/২০২৫ নম্বর রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শানো হয়। তিনি গত ১৫.১২.২০২৫ তারিখে অভিযোগনামার জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন। গত ১১-০৩-২০২৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

০৬। যেহেতু, ব্যক্তিগত শুনানীঅন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য গত ১২.০৩.২০২৬ তারিখে তদন্তকারী কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(৩) (খ) বিধি অনুযায়ী তাঁকে **"চাকুরী হইতে বাধ্যতামূলক অবসর প্রদান"** সূচক গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক গত ২০.০৬.২০২৬ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

০৭। যেহেতু, তিনি গত ০২-০৭-২০২৬ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব, অভিযোগের গুরুত্ব এবং প্রাসঙ্গিক অন্যান্য বিষয়দি পর্যালোচনায় তাঁকে চাকুরী হতে "বাধ্যতামূলক অবসর প্রদান" সূচক গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়; এবং

০৮। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(১০) এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শকরণ) রেগুলেশনস, ১৯৭৯ এর রেগুলেশন-৬ অনুযায়ী তাঁকে "চাকুরী হইতে বাধ্যতামূলক অবসর প্রদান' সূচক গুরুদণ্ড আরোপের

বিষয়ে পরামর্শ প্রদানের জন্য গত ২৩.০৭.২০২৬ তারিখে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনকে অনুরোধ জানানো হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরী হতে "বাধ্যতামূলক অবসর প্রদান" সূচক গুরুদণ্ড আরোপ করা যায় মর্মে গত ২৭.০৯.২০২৬ তারিখে পরামর্শ প্রদান করে।

০৯। সেহেতু, ড. দুলাল কৃষ্ণ সাহা (পরিচিতি নং-১৪০০১) প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা (বর্তমান কর্মস্থল: বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার, সিলেট সংযুক্ত ও রাসায়নিক পরীক্ষকের অতিরিক্ত দায়িত্ব)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর প্রমাণিত অভিযোগের গুরুত্ব বিবেচনায় একই বিধিমালার ৪ (৩) (খ) বিধি মোতাবেক তাঁকে গুরুদণ্ড হিসেবে **"চাকুরী হইতে বাধ্যতামূলক অবসর প্রদান"** করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৭/১০/২৩

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব

নং-৪৪.০০.০০০০.০০০.২৩৬.২৭.০০১৬.২৫.৫১/১(১১)

তারিখ: ২৫ আশ্বিন ১৪৩৩ / ১১ অক্টোবর ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
২। অতিরিক্ত সচিব (মাদক), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৪। উপসচিব, মাদক-১ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা,ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৮। ড. দুলাল কৃষ্ণ সাহা, রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার, সিলেট (চাকুরী হইতে বাধ্যতামূলক অবসর দণ্ডপ্রাপ্ত)
৯। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০। অতি: সচিব (শৃঙ্খলা অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। অফিস কপি/মাস্টার কপি

১১-১০-২০২৬

মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব